



**ইন্টারনেট কী?
ইন্টারনেট -এর কাজ
(Basic utilities- Digital Device
& Internet use)?
Bluetooth etc.**





শাওন তোরা যে সারাক্ষণ ইন্টারনেট নিয়ে পড়ে থাকিস। এখানে কী এমন মধু আছে বলতো বাবা।

হা হা হা। মা ইন্টারনেট সবচেয়ে প্রয়োজনীয় একটি বিষয়। এটা দিয়ে সব কিছু সম্ভব।



আচ্ছা বুঝলাম। আগে আমাকে বল ইন্টারনেট বিষয়টা কী?

ইন্টারনেট হলো কম্পিউটারের সবচেয়ে বড় বিশ্বব্যাপী যোগাযোগ নেটওয়ার্ক।

ইন্টারনেটে লক্ষ লক্ষ একাডেমিক, ব্যবসায়িক, এবং সরকারী নেটওয়ার্ক রয়েছে, যেগুলো একসাথে বিভিন্ন ধরনের তথ্য বহন করে এবং পরস্পরের সাথে সংযুক্ত।

এটি এক ধরনের বিশাল নেটওয়ার্ক যা সারা বিশ্বের কম্পিউটার, ল্যাপটপ বা স্মার্টফোনগুলোকে সংযুক্ত করে।

মানুষ ইন্টারনেট সংযোগের মাধ্যমে যেকোনো জায়গা থেকে তথ্য আদান-প্রদান করতে পারে এবং যোগাযোগ করতে পারে।



খুব ভালো। ইন্টারনেট কী ধরনের পরিষেবা প্রদান করে?

অনেক রকম পরিষেবা আছে যেমন, ওয়েব(Web)।

এটি কোটি কোটি ওয়েবপেজ এর একটি সংগ্রহ, যা তুমি একটি ওয়েব ব্রাউজার দিয়ে দেখতে পারবে।

